

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
সংস্থাপন শাখা



সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আব্দুর রশিদ অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
সভার তারিখ	১১.০৯.২০২২ খ্রি:
সভার সময়	সকাল ১১: ০০ ঘটিকা।
স্থান	বিভাগীয় কমিশনার, খুলনা ঐর সম্মেলন কক্ষ।
উপস্থিতি	(১) জনাব মাহেরা নাজনীন, সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (২) জনাব মো: আবু রাসেল, সিনিয়র সহকারী কমিশনার, এপিএ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (৩) জনাব খান মো: আব্দুল্লা আল মামুন, বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, খুলনা।

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) সভার কার্যপত্র অনুসারে তথ্যাদি সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্য	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১।	নির্ধারিত ফরমেট অনুসরণ করে সিটিজেন চার্টার প্রণয়ন জনপ্রশাসনে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং সেবা প্রদানের মানসিকতা নাগরিকের নিকট সহজে দৃশ্যমান করতে “সিটিজেন চার্টার” (সেবা প্রদান প্রতিশ্রুতি) নির্ধারিত ফরমেট অনুযায়ী প্রণয়ন এবং ওয়েবসাইটে তা প্রদর্শন করার বিষয়ে আলোচনা করা হয়।	নির্ধারিত ফরমেট অনুসরণপূর্বক সিটিজেন চার্টার প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	কমিটির সদস্যবৃন্দ।
০২।	সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ : নির্ধারিত ফরমেট মোতাবেক সিটিজেন চার্টার আপলোড করে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা এবং ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টারে সকল সেবাসমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে কি-না সে বিষয়েও সভায় আলোচনা করা হয়।	সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, এপিএ শাখা।
০৩।	(সেবা প্রদান প্রতিশ্রুতি) সহজিকরণ : সিটিজেন চার্টার (সেবা প্রদান প্রতিশ্রুতি) সহজিকরণের মাধ্যমে জনগনের প্রাপ্য সেবা নিশ্চিতকরণের বিষয়ে এবং পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে সিটিজেন চার্টার সহজিকরণ করে কিভাবে জনগনকে সর্বোচ্চ সেবা প্রদান করা যায় সে বিষয়ে সভায় আলোচনা করা হয়।	এ কার্যালয়ের নিয়মিত সিটিজেন চার্টার পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে সহজিকরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	কমিটির সদস্যবৃন্দ।

স্বাক্ষর

মোঃ আব্দুর রশিদ

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)

স্মারক নম্বর: ০৫.৪৪.০০০০.০০৫.১৮.০২৩.২২.২


তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা।

- ৪) সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
- ৫) সিনিয়র সহকারী কমিশনার, এপিএ শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।
- ৬) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, খুলনা।
- ৭) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা(তঁাকে ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



মোঃ আব্দুর রশিদ
অতিরিক্ত বিভাগীয় কমিশনার